দৈনিক বাংলা ২৫

তারিখ 08 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

# জামালপুরে ১৮ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিতে পারেনি

নিজস্ব সংবাদদাতা ঃ জামালপুর, ৭ জুলাই।—সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গাফিলতির কারণে আজ জামালপুর সরকারী আশেক মাহমুদ বিশ্ববিদ্যালয় কলেজের ১৮ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারেনি। এসব ছাত্রছাত্রীরা যথারীতি রেজিস্ট্রেশন ও ফরম পূরণ করেছিল।

কলেজ সূত্রে জানা গেছে, নাম ও সিরিয়ালে গরমিল থাকার অজুহাতে বোর্ড ১৮ জন ছাত্রছাত্রীর প্রবেশপত্র দেয়নি। পরীক্ষা দিতে না পারায় ছাত্রছাত্রীরা আজ কলেজ প্রাঙ্গণে কান্নায় ভেঙ্গে পড়ে। এ সময় এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হয়।

এদিকে আজ জেলার বিভিন্ন কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ২৪ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।